Whittington Health
NHS Trust

# ১৪ থেকে ২৪ সপ্তাহের মধ্যে গর্ভাবস্থা শেষ করা: আমি কি কি করতে পারব?

## সিদ্ধান্ত নেওয়ার জন্য এই সাহায্যকারী আপনাকে চিকিৎসা অথবা অস্ত্রোপচারের মধ্যে বেছে নিতে সাহায্য করতে পারবে।

| | মেডিকাল | সার্জিকাল |
|---|---|---|
| কি হয়? | • আপনি মিফেপ্রিস্টোন (Mifepristone) নামে একটা ট্যাবলেট খাবেন, তারপরে আপনি বাড়িতে ফিরে যেতে পারবেন।<br>• মিসোপ্রোস্টল (Misoprostol) নামের একটা দ্বিতীয় ট্যাবলেট খাওয়ার জন্য, ১ – ২ দিন পরে আপনি আবার হাসপাতালে ফিরে আসবেন। এই ওষুধপত্রে আপনার সঙ্কোচন হবে এবং এটার ডোজ বার বার দেওয়া হবে যতক্ষণ না আপনার গর্ভাবস্থা যোনিপথে বের হয়ে যায়। এটাতে কয়েক ঘন্টার থেকে কয়েকদিন পর্যন্ত সময় লাগতে পারে।<br>• 10-30% মহিলাদের * এর পরে একটি সাকশন পদ্ধতি করা হবে। | • অপারেশনের আগের দিন, অপারেশনটি আরও সহজ করার জন্য সারভিক্সকে তৈরী করা হয়। ডিলাপ্যান নামের দেশলাই কাঠির আয়তনের রড ঢুকিয়ে এটা করা হয়। সময়ের সাথে সাথে এবং / অথবা মিফেপ্রিস্টোন নামের একটা ট্যাবলেট খাওয়ার পরে এগুলি ফুলে ওঠে। তারপরে আপনি বাড়ি ফিরে যাবেন।<br>• পরের দিন, এই গর্ভাবস্থা সারভিক্স-এর মধ্য দিয়ে বের করে দেওয়া হয়। এটা গভীর সিডেশন (শান্ত করা) অথবা জেনারেল এ্যানাস্থেটিক দেওয়ার পরে করা হয় এবং এতে ১৫ – ২০ মিনিট সময় লাগে। |
| আমাকে কত দিন হাসপাতালে থাকতে হবে? | • গড়পড়তা, আপনি ২ – ৩ দিন হাসপাতালে থাকবেন।<br>• আপনার যদি এর আগে সীজারিয়ান সেকশন বা জরায়ুতে অন্য কোন অস্ত্রোপচার হয়ে থাকে, তাহলে প্রণালীতে অপেক্ষাকৃত বেশী সময় লাগবে। | • আপনাকে প্রায় অর্ধেক দিনের জন্য হাসপাতালে থাকতে হবে<br>• বেশীর ভাগ মহিলাই এই প্রণালীর দিনে বাড়ি ফিরে যান। |
| আমি কি এই গর্ভাবস্থা দেখতে পাব? | আপনি এই প্রণালীটির সময় সজাগ ও সচেতন থাকবেন। বের হয়ে যাওয়ার সময় আপনি হয়ত আপনার গর্ভাবস্থার ভ্রূণ দেখতে পাবেন। আপনি যদি চান, তাহলে আপনি বাচ্চাটিকে দেখতে পারবেন ও কোলে নিতে পারবেন। | পরে আপনি এই গর্ভাবস্থার ভ্রূণ দেখতে পারবেন না এবং আপনি তাকে দেখতে পারবেন না অথবা বাচ্চাটিকে কোলে নিতে পারবেন না।। |
| ব্যথা | এই প্রণালী চলাকালীন আপনার বেদনাদায়ক সঙ্কোচন হবে, তবে ব্যথা উপশম করার জন্য বেছে নেওয়ার মত কয়েকটি জিনিষ আপনি পাবেন। | অপারেশনের সময় এ্যানাস্থেশিয়ার জন্য আপনার খুব কম ব্যথা হবে অথবা কোন ব্যথা লাগবে না।<br>ডিলাপ্যান রড ঢোকানোয় কোন কোন সময় অল্প খিঁচ ধরতে পারে অথবা অল্প রক্তক্ষরণ হতে পারে। |
| ঝুঁকিগুলি | এই দু'টি জিনিষেই রক্তক্ষরণ, ইনফেকশন, গর্ভাবস্থার টিশু থেকে যাওয়ার ঝুঁকি রয়েছে যেটার জন্য এই প্রণালীটা আবার করতে হতে পারে। | |
| | জরায়ু ফেটে যাওয়া (বিরল)<br>গর্ভাবস্থা শেষ করায় ব্যর্থতা (<1/100)<br>ভর্তি হওয়ার আগেই গর্ভাবস্থার ভ্রূণ যোনিপথে বের হয়ে যাওয়া<br>প্ল্যাসেন্টার অবশিষ্ট টিশু বের করে দেওয়ার জন্য, মহিলাদের মধ্যে ৩০%-এর যোনিপথের মধ্য দিয়ে শুষে নেওয়ার একটা প্রণালী ব্যবহার করার দরকার হবে। এটা অপারেশন থিয়েটারে ঘটে। | অস্ত্রোপচারের যন্ত্রপাতির থেকে সারভিক্স বা জরায়ুতে আঘাত লাগা(1-4/1000)<br>গর্ভাবস্থা শেষ করায় ব্যর্থতা (1/1000)<br>অস্ত্রোপচারের আগেই গর্ভাবস্থার ভ্রূণ যোনিপথে বের হয়ে যাওয়া<br>এই প্রণালীটা সম্পূর্ণ করার জন্য মহিলাদের মধ্যে ৩%-এর আরও অস্ত্রোপচার করার দরকার হবে। |
| এই প্রণালীর পরে | • আপনার হয়ত ব্যথা উপশমের জন্য কয়েকদিনের জন্য ওষুধের দরকার হতে পারে<br>• ১ সপ্তাহ (অস্ত্রোপচার সংশ্লিষ্ট) অথবা ২ সপ্তাহের (চিকিৎসা সংশ্লিষ্ট) মত সময় ধরে রক্তক্ষরণ হতে পারে, কিন্তু প্রতিদিন এটার হালকা হয়ে আসা উচিত<br>• গর্ভনিরোধক সরাসরি শুরু করা যেতে পারে | |


রেফারেন্স:
1. National Institute for Health and Care Excellence (2019): Abortion Care [NG 140]
2. British Pregnancy Advisory Service, www.bpas.org


* আমরা সব অন্তঃসত্ত্বা ব্যক্তিদের সেবাযত্ন প্রদান করি।যদিও এই প্রচারপত্রে মহিলা বলে উল্লেখ করা হয়েছে, তবে আমরা স্বীকার করি যে যাদের জন্মের সময় মেয়ে বলে শ্রেণীভুক্ত করা হয়েছে, তারা সকলে নিজেদের মহিলা বলে মনে করেন না।

# কোন গর্ভাবস্থা শেষ হয়ে গেলে দেহাবশেষের কি হয়?

হয় ওষুধ নয়ত অস্ত্রোপচারের মাধ্যমে কোন গর্ভাবস্থা শেষ করে দেওয়ার পরে, দেহাবশেষ থাকবে, যার মধ্যে একটি বাচ্চাও থাকতে পারে। বিভিন্ন উপায়ে এই দেহাবশেষ নিয়ে সংবেদনশীল ভাবে কাজ করা যেতে পারে, এগুলি নিচে বুঝিয়ে বলা হয়েছে। আপনি যদি অনিশ্চিত হন তবে আমরা আপনার সাথে এগুলি আরও বিস্তারিতভাবে আলোচনা করতে পারি এবং আপনার পক্ষে কী সঠিক তা বিবেচনা করার জন্য আপনাকে যতটা সময় দেওয়া দরকার ততটা সময় দিতে পারব।

**আমি চাই যে হাসপাতাল যেন দেহাবশেষের দেখাশোনা করে**

গর্ভাবস্থার দেহাবশেষ দাহ করার ব্যবস্থা করবে এবং ভস্মগুলি স্মৃতির উদ্যানে ছড়িয়ে দেবে। আপনি অনুরোধ না করলে, আপনাকে জড়িত করার বা আপনার সাথে যোগাযোগ করার দরকার হবে না। ভস্ম আপনার কাছে ফিরিয়ে দেওয়া যাবে না।

**আমি ব্যক্তিগত ভাবে ব্যবস্থা করতে চাই**

ব্যক্তিগত শেষকৃত্য, দাহ করা অথবা কবর দেওয়ার জন্য একজন ফিউন্যারাল ডিরেক্টর হাসপাতালের থেকে দেহাবশেষ সংগ্রহ করে নিতে পারবে। এর খরচ হাসপাতাল বহন করবে না এবং আপনার নিজেকে অথবা কোন ধর্মীয় / সাংস্কৃতিক গ্রুপের মাধ্যমে এর বন্দোবস্ত করতে হবে।

**আমি এই দেহাবশেষ বাড়িতে নিয়ে যেতে চাই**

২৪ সপ্তাহের আগে এই গর্ভাবস্থা শেষ হয়ে গেলে আপনি সেই দেহাবশেষ বাড়িতে নিয়ে যেতে পারবেন। দেহাবশেষ একটা সীল করা বাক্সে রাখা হবে। বাড়িতে পৌঁছানোর পরে কি ঘটবে তা বিবেচনা করা গুরুত্বপূর্ণ। আপনি যদি দেহাবশেষের কবর দিতে চান, তাহলে আপনাকে অবশ্যই সেই জমিটার মালিক হতে হবে (অথবা মালিকের কাছ থেকে অনুমতি পেতে হবে) এবং আপনি বাড়ি বদল করলে কি ঘটবে তা ভেবে দেখবেন। তাছাড়াও, সেই এলাকায় পোষা প্রাণী বা জন্তু আছে কিনা যারা হয়ত এই দেহাবশেষ মাটি খুঁড়ে বের করতে পারে যদি যথেষ্ট গভীরে কবর দেওয়া না হয়, তা বিবেচনা করে দেখা দরকার। আপনি যদি এটা চান, তাহলে আমরা আপনাকে আরও হেলথ এ্যান্ড সেইফটি (স্বাস্থ্য ও নিরাপত্তা) সংক্রান্ত তথ্য সরবরাহ করব।

**আমি এই বিষয়ে চিন্তা করার জন্য আরও সময় পেতে চাই**

গর্ভাবস্থা শেষ হওয়ার পরে কী ঘটবে তা বিবেচনা করার জন্য আপনি যদি কিছুটা সময় নিতে চান তাহলে তা শুধু আমাদের জানাবেন। আরওযা যা বেছে নেওয়া যায় সে বিষয়ে আরও আলোচনা করার জন্য whh-tr.bereavementmidwife@nhs.net ঠিকানায় আপনি ইমেইল করে আপনার সম্পর্কিত তথ্য রাখবেন এবং আপনি যখন প্রস্তুত থাকবেন তখন আমরা আপনাকে ফিরে টেলিফোন করব।

আপনি যদি কোন প্রশংসা করতে চান অথবা আপনার কোন অভিযোগ থাকে, তাহলে দয়া করে পেশেন্ট এ্যাডভাইস বা লিয়েজঁ সার্ভিসের (PALS-এর) সাথে020 7288 5551 নম্বরে অথবা whh-tr.PALS@nhs.net ঠিকানায় যোগাযোগ করবেন।
আপনি যদি এই প্রচারপত্রের একটা কপি বড় হরফের ছাপায়, কানে শোনার ব্যবস্থায় অথবা অনুবাদিত কপি চান, তাহলে দয়া করে whh-tr.patient-information@nhs.net ঠিকানায় ইমেইল করবেন। আপনার প্রয়োজন মেটানোর জন্য আমি যথাসাধ্য চেষ্টা করব।


© Whittington Health